

দৈনিক ইত্তেফাক

THE DAILY ITTEFAQ

প্রতিষ্ঠাতা : তফাজ্জল হোসেন মানিক মিয়া



এপ্রিল ১০, ২০০৮, বৃহস্পতিবার : চৈত্র ২৭, ১৪১৪

আপডেট বাংলাদেশ সময় রাত ১২:০০

ব্রিটিশ আমলের আইনে দায়বদ্ধতা নেই

।। সাকির আহমদ ।।

পুলিশে সংস্কার জরুরি হয়ে পড়েছে ব্রিটিশ আমলে চালু করা পুলিশ এ্যাক্ট ১৮৬১ এর সীমাবদ্ধতার কারণে। বাংলাদেশের সংবিধানের ৭(১) অনুচ্ছেদে প্রজাতন্ত্রের সকল ক্ষমতার মালিক হিসাবে জনগণকে অভিহিত করা হয়েছে। সংবিধান প্রণয়ন করা হয়েছে ১৯৭২ সালে। এর ঠিক ১১১ বছর আগে ব্রিটিশ শাসনামলে চালু করা আইনে জনগণের প্রতি পুলিশের দায়বদ্ধতা কিরূপ হবে এবং কিভাবে প্রতিপালিত হবে সে বিষয়ে কোন নির্দেশনা নেই। বস্তুতঃ জনগণের উপর নিষ্ঠুর ও নির্দয়ভাবে শক্তি প্রয়োগের মাধ্যমে শাসন ও শোষণ বজায় রাখার জন্যই তখনকার পুলিশ আইনটি চালু করেছিল ব্রিটিশ সরকার।

সার্বজনীন মানবাধিকার ঘোষণা করা হয় ১৯৪৮ সালে। মানবাধিকার সম্মুখত রাখার ব্যাপারে পুলিশের করণীয় অনেক। যদি পুলিশই মানবাধিকার লংঘন করে কিংবা এ ধরনের অভিযোগ উত্থাপিত হয় তাহলে তদন্ত এবং কি সাজা হবে তার উল্লেখ নেই বিদ্যমান আইনে। পুলিশ এ্যাক্ট, ১৮৬১ প্রণয়নের সময় পুলিশ বাহিনীকে পরিচালনার সার্বিক তত্ত্বাবধান সরকারের উপর ন্যস্ত করা হয়। সরকার কি পদ্ধতিতে দায়িত্ব পালন করবে আইনে তার কোন ব্যাখ্যা কিংবা গাইড লাইন নেই। এই নিয়ম থেকে আজো পুলিশ বের হতে পারেনি। ফলে সরকার বদল হয়, বদল হয় না পুলিশের আচরণ। প্রচলিত আইনে গুরু থেকেই সরকারকে রক্ষায় পুলিশকে ব্যবহার করা হচ্ছে।

ব্রিটিশ সরকার আইনটি চালুর সময় সরকারের নিয়ন্ত্রণহীন কোন স্বাধীন সংস্থার কাছে পুলিশের জবাবদিহিতার ব্যবস্থা রাখেনি। এর পরিবর্তে সরকারের সীমাহীন নিয়ন্ত্রণ প্রতিষ্ঠার ব্যবস্থা রাখা হয়েছে। পুলিশ কর্মকর্তাদের বদলি, পদোন্নতি এবং গুরুত্বপূর্ণ পদে পদায়নসহ অন্যান্য বিষয়ে সরকারের একচ্ছত্র ক্ষমতা অপপ্রয়োগের মাধ্যমে সরকারি পদে অধিষ্ঠিত কোন কোন ব্যক্তি পুলিশকে দিয়ে অবৈধ কাজ করিয়ে নেয়ার সুযোগ পায়। পুলিশের আধুনিক প্রশিক্ষণ সম্পর্কে আইনে নেই কোন দিক নির্দেশনা। পুলিশকে দলীয়করণ ও রাজনৈতিক

প্রথম পাতা
শেষ পাতা
দ্বিতীয় সংস্করণ
অন্যান্য
সম্পাদকীয়
চিঠিপত্র
দৃষ্টিকোণ
রাজধানীর আশেপাশে
আইটি কর্ণার
বিশ্ব সংবাদ
খেলার খবর
শিল্প-ব্যবসা-বাণিজ্য
রোজনামাচা
শেয়ার বাজার
রাশিফল
প্রিন্ট সংস্করণ (বিজ্ঞাপন)
রাজশাহী
বরিশাল


আনন্দ বিনোদন
অর্থনীতির পাতা
রিয়েল এস্টেট
স্বাস্থ্য পরিচর্যা
পাঠক বন্ধু
এই নগরী
ক্রীড়াঙ্গণ
চট্টগ্রাম নগরী
কাঞ্চনকন্যা সিলেট
দক্ষিণা দুয়ার
মহিলা অঙ্গন
ক্যাম্পাস
কড়চা
তরণকর্প
কচি-কাঁচার আসর
ধর্মচিন্তা
ক্যারিয়ার
তথ্যপ্রযুক্তি
কর্পোরেট
সাহিত্য সাময়িকী
ঈদ সংখ্যা-২০০৭
নববর্ষ সংখ্যা ২০০৭

Powered by eNewspaper

স্বার্থে প্রতিটি সরকার ব্যবহার করছে। সরকার বদল হলেই আগের সরকারের সময় দায়িত্ব পালনকারী পুলিশ কর্মকর্তাদের রাখা হয় কোনঠাসা করে। হয়রানি মূলক বদলি, পদোন্নতি আটকে রেখে পাঠানো হয় বাধ্যতামূলক অবসরে।

পৃথিবীর মানচিত্রে স্বাধীন বাংলাদেশের জন্ম হলেও পুলিশকে রাখা হয়েছে তোষামোদকারী ও সরকারের অনুকম্পা প্রত্যাশী সংস্থা হিসাবে। আর এতে রাষ্ট্রীয় পুলিশ বাহিনীকে ওয়ান ইলেভেন পূর্ববর্তী প্রতিটি সরকারই করে রেখেছিল দলীয় লেজুড় বৃত্তির সংগঠনে। অপরাধের কৌশল ও ধরণ দিন দিন পাণ্টাচ্ছে। সাইবার ক্রাইম, বায়োটারানজম, মলম ও অজ্ঞানপার্টির অপরাধ দমন ও অপরাধীদের বিরুদ্ধে কি ব্যবস্থা নেয়া যায় তার উল্লেখ নেই পুলিশ এ্যাক্ট, ১৮৬১ এর মধ্যে।

পুলিশ কর্মকর্তারা বলছেন, বৃটিশের চালু করা আইনে পুলিশ বাহিনী পরিচালিত হচ্ছে। বিদ্যমান পুলিশ আইনে পুলিশি কাজ সম্পাদনের ক্ষেত্রে কৌশলগত পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন এবং গবেষণা কার্যক্রম সম্পর্কিত কোন দিক নির্দেশনা খুঁজে পাওয়া যায় না। প্রচলিত আইনে আধুনিক সমাজ মানসের সামগ্রিক নিরাপত্তা-চাহিদা, মানবাধিকার, সামাজিক সুবিচার নিশ্চিতকরণ, জেডার সচেতনতা, অনগ্রসর গোষ্ঠীর প্রতি সংবেদনশীলতা, সুশাসন প্রতিষ্ঠা কোন ভাবেই সম্ভব নয়।



? বাংলা দেখা না গেলে বা ফন্ট সম্পর্কিত সমস্যার জন্য এখানে ক্লিক করুন

Ads by Google

**KI in stock.
Anbex, Inc**

FDA approved manufacturer of KI Primary supplier to the US Gov.
www.anbex.com

Buy Potassium Iodide ACS

Lab and bulk quantities available priced right and ready to ship!
www.SpectrumChemical.c

Bendix/King Avionics

Silver Crown, Gold Crown, IHAS, Radar, HF, EFIS, TCAS information
www.seaerospace.com

Place des Arts

faites vous plaisir offrez vous une lithographie
www.place-des-arts.com